

বাংলাদেশ বার কাউন্সিল  
বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।  
[www.barcouncil.gov.bd](http://www.barcouncil.gov.bd)

নং-বিবিসি/এনরোল/২০২২/২৩৪৩

তারিখঃ ২৩-০৮-২০২২ইং


**১৭-০৯-২০২২ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষার রেগুলার  
প্রার্থীগণের অনলাইনে ফরম সাবমিট কার্যক্রম সম্পন্ন করিবার জন্য  
রিমাইন্ডার নোটিশ**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বার কাউন্সিলের বিগত স্মারক নং-বিবিসি/এনরোল/২০২২/২৩৩০, তারিখঃ ২১-০৮-২০২২ইং, মূলে ঘোষিত বিজ্ঞপ্তি অনুযায়ী আসন্ন ১৭-০৯-২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য এনরোলমেন্ট লিখিত পরীক্ষার রেগুলার (যাহারা গত ১৭-০৬-২০২২ইং তারিখে অনুষ্ঠিত এমসিকিউ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন) এবং রি-অ্যাপিয়ার প্রার্থীগণের অনলাইন ফরম পূরণ কার্যক্রম চলমান রহিয়াছে। আগামী ০২-০৯-২০২২ইং তারিখ রাত ১১ঃ৫৯ ঘটিকা পর্যন্ত অনলাইনে (<http://bar.teletalk.com.bd>) ফরম সাবমিট করা যাইবে। অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার রেগুলার প্রার্থীগণকে উক্ত তারিখ ও সময়ের মধ্যে অনলাইনে ফরম সাবমিট করার জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত পুনরায় অবহিত করা হইতেছে। রেগুলার প্রার্থীগণের জন্য লিখিত পরীক্ষার নতুন অ্যাডমিট কার্ড ইস্যু করা হইবে যাহা আগামী ০৯-০৯-২০২২ইং তারিখ হইতে বর্ণিত লিংক হইতে ডাউনলোড করা যাইবে।

০২-০৯-২০২২ইং তারিখের পর অনলাইন ফরম সাবমিট করার আর কোনো সুযোগ থাকিবে না। এমতাবস্থায়, এনরোলমেন্ট লিখিত পরীক্ষার রেগুলার প্রার্থীগণকে নির্ধারিত সময়ে নতুন অ্যাডমিট কার্ড প্রাপ্তির জন্য উল্লিখিত তারিখের মধ্যে অনলাইনে ফরম সাবমিট কার্যক্রম সম্পন্ন করিতে অনুরোধ করা হইল।

আদেশক্রমে,



  
(মোঃ আফজাল উর রহমান)  
ভারপ্রাপ্ত সচিব  
বাংলাদেশ বার কাউন্সিল